

রামঠাকুর কলেজের সহকারী অধ্যাপকের বিরল কৃতিত্ব

রসায়নে ড. অরিজিৎ দাসের ৩৬ সূত্র, ১৫ নতুন পদ্ধতি মান্যতা পেল

আজকালের প্রতিবেদন: উচ্চমাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত রসায়নের ছাত্রছাত্রীদের জন্য সুখবর। নতুন আবিষ্কৃত ৩৬টি সূত্র ব্যবহার করে তারা অনেকটা সময় বাঁচিয়ে নির্দিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে। আর সময় সাশ্রয়ী নতুন ১৫টি পদ্ধতি এবং এই ৩৬টি সূত্রের অন্যতম প্রস্তাবক এই রাজ্যেরই রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের কৃতি সহকারী অধ্যাপক ড. অরিজিৎ দাস। সম্প্রতি বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্রের 'ইন্ডিয়ান কেমিক্যাল সোসাইটি' এগুলির

মান্যতা দিয়েছে। তাদের গবেষণা গ্রন্থ 'এডুকেশন ইন কেমিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি' -র আগস্ট, ২০১৫ সংখ্যায় এগুলি প্রকাশ করেছে। প্রসঙ্গত, এই গবেষণা গ্রন্থটি ভারত থেকে বছরে একবারই প্রকাশিত হয়ে থাকে। গত ৩১ জুলাই কলকাতার মেঘনাদ সাহা ভবনে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক ধ্রুবজ্যোতি চট্টোপাধ্যায় আচার্য প্রফুল্লচন্দ্রের ১৫৪তম জন্মবার্ষিকী উপলক্ষে গবেষণা গ্রন্থটির আবরণ উন্মোচন করেন। ড. দাসের ৩৬টি

সূত্র এবং রসায়নের ১৫টি আধুনিক পদ্ধতি গবেষণা গ্রন্থের প্রথম প্রবন্ধ হিসেবে তাঁর এবং বিজয়া পাল-এর নামে প্রকাশিত হয়েছে (ভলিউম-৩, নং-১, ১ম থেকে ২৮তম পৃষ্ঠা, আগস্ট '১৫)। এর আগে আমেরিকান কেমিক্যাল সোসাইটি এবং ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষণা গ্রন্থাগারে ড. দাসের আবিষ্কৃত সূত্রগুলি সূচিবদ্ধ করা হয়। ড. দাস আমেরিকান কেমিক্যাল সোসাইটির আমন্ত্রিত সদস্য হন ২০১৩ সালে।